# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, মাসজিদের ভিতরে মৃতদের দাফন করা ও কবরের ওপর মাসজিদ নির্মাণ করা কি বৈধ?

উত্তর: বল, এটা জঘন্য হারাম ও ভয়ানক বিদ‘আতের অন্তর্ভুক্ত এবং এটি শির্কে লিপ্ত হওয়র সবচেয়ে বড় বড় উসিলা ও মাধ্যমসমূহের অন্যতম। আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মৃত্যু শয্যায় শায়িত অবস্থায় বলেন,“আল্লাহ ইহুদী ও খৃস্টানদের ওপর লানত করুন। তারা তাদের নবীগণের কবরসমূহকে মাসজিদ বানিয়েছে”। আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, “তাদের কর্ম থেকে তিনি সতর্ক করছিলেন”। (সহীহ বুখারী ও মুসলিম) জুনদুব বিন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, “তিনি মৃত্যুর তিন দিন পূর্বে বলেছেন: স্মরণ রেখো, তোমাদের পূর্বে যারা ছিল তারা তাদের নবী ও নেককার লোকদের কবরসমূহকে মাসজিদ বানাতো। খবরদার তোমরা কবরকে মাসজিদে পরিণত কর না। আমি তোমাদেরকে এ থেকে নিষেধ করছি”। হাদীসটি সহীহ মুসলিম বর্ণনা করেছেন। কবরের ওপর নির্মিত মাসজিদে সালাত আদায় করা বৈধ নয়। কোনো কবর বা কবরসমূহের ওপর মাসজিদ নির্মাণ করা হলে তা ধ্বংস করা ওয়াজিব। আর যদি কবরহীন জায়গায় মসজিদ নির্মাণ করা হয়, অতঃপর তাতে কোনো মৃতকে দাফন করা হয়, তাহলে মাসজিদ ধ্বংস করা হবে না। তবে কবর খুড়ে তা থেকে মৃত ব্যক্তিকে উঠিয়ে সাধারণ গোরস্থানে স্থানান্তর করা হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10008

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন